প্রথম আলো

তারিখ 03 APR 2018
পৃষ্ঠা ৪ কলাম ২

# ৮৯ জন পরীক্ষার্থী ও ৭ পরিদর্শক বহিষ্কৃত

## এইচএসসি পরীক্ষা শুরু

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

প্রশ্নপত্র ফাঁসরোধে ব্যাপক প্রস্তুতি নিয়ে গতকাল সোমবার সারা দেশে শুরু হয়েছে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা। উৎকণ্ঠা ও গুজব থাকলেও প্রথম দিনে প্রশ্নপত্র ফাঁসের খবর পাওয়া যায়নি। এদিন ৮৯ জন পরীক্ষার্থী ও ৭ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। অনুপস্থিত ছিল ১৩ হাজার ৭১৮ জন পরীক্ষার্থী।

এইচএসসিতে গতকাল বাংলা প্রথম পত্রের পরীক্ষা থাকলেও গাজীপুরের একটি কেন্দ্রে দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র সরবরাহ করা হয়। মাদারীপুরের তিনটি কেন্দ্রে নির্ধারিত সেটের বাইরে ভিন্ন সেটে পরীক্ষা নেওয়া হয়েছে।

আন্তশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি জানিয়েছে, বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে ৪০ জন মাদ্রাসার, ৩২ জন কারিগরি বোর্ডের এবং ১৭ জন আটটি সাধারণ শিক্ষা বোর্ডের পরীক্ষার্থী। আর বহিষ্কৃত পরিদর্শকদের মধ্যে ৪ জন সিলেট বোর্ডের ও ৩ জন কারিগরি বোর্ডের অধীন। এ ছাড়া ঢাকার নবাবগঞ্জে এক শিক্ষককে মোবাইল ফোনসহ আটক করেছে পুলিশ।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সকালে রাজধানীর বেইলি রোডে অবস্থিত সিদ্ধেশ্বরী গার্লস কলেজ কেন্দ্র পরিদর্শনের পর সাংবাদিকদের বলেন, পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস রোধ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য মানুষের সাধ্যে যা করা সম্ভব, তা-ই করা হয়েছে। তিনি আশা করছেন, এবার প্রশ্ন ফাঁস হবে না। শিক্ষামন্ত্রীর উপস্থিতিতে প্রশ্নপত্রের প্যাকেট খোলেন ওই কেন্দ্রের কেন্দ্রসচিব।

**প্রথম পত্রের পরীক্ষায় দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র**

প্রতিনিধি, গাজীপুর জানান, টঙ্গী পাইলট স্কুল অ্যান্ড গার্লস কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীদের ভুল প্রশ্নপত্র বিতরণ করা হয়েছে। পরীক্ষা শেষে পরীক্ষার্থীরা জানায়, গতকাল ছিল বাংলা প্রথম পত্রের পরীক্ষা। কিন্তু এই কেন্দ্রে বিতরণ করা হয় বাংলা দ্বিতীয় পত্রের সৃজনশীল প্রশ্নপত্র। এ প্রশ্নপত্র হাতে পেয়ে পরীক্ষার্থীরা কক্ষ পরিদর্শকদের জানালে বাংলা দ্বিতীয় পত্রের ওই প্রশ্নপত্র ফেরত নেওয়া হয়। পরে বাংলা প্রথম পত্রের প্রশ্নপত্র দেওয়া হয়। এ সময় প্রশ্নপত্র দিতে দেরি হওয়ায় পরীক্ষার হলে পরীক্ষার্থীরা হট্টগোল শুরু করে। পরে সকাল ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত পরীক্ষা নেওয়া হয়।

ভুল প্রশ্নপত্র বিলির ঘটনায় কেন্দ্রসচিব ও টঙ্গী পাইলট হাইস্কুল অ্যান্ড গার্লস কলেজের অধ্যক্ষ মো. আলাউদ্দিন ও সহকারী কেন্দ্রসচিব এম এ ফারুককে বহিষ্কার করা হয়েছে।

**প্রশ্নপত্র সরবরাহে গলদ**

প্রতিনিধি, মাদারীপুর জানান, সারা দেশে 'খ' সেটে পরীক্ষা হলেও মাদারীপুরের কালকিনির ৩টি কেন্দ্রে 'ক' সেটে পরীক্ষা নেওয়া হয়েছে। কেন্দ্র ৩টি হলো কালকিনি সৈয়দ আবুল হোসেন কলেজ, শেখ হাসিনা একাডেমি অ্যান্ড উইমেন্স কলেজ, ডিকে আইডিয়াল সৈয়দ আতাহার আলী একাডেমি অ্যান্ড কলেজ।

প্রাপ্তি নং
তারিখ
সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর